

প্রতিঃ নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী।

হতেঃ নির্বাহী পরিচালক, কোস্ট ট্রাস্ট

বিষয়ঃ প্রভিডেন্ট ফান্ড (পিএফ) নীতিমালা ও প্রদেয় সুবিধার পরিবর্তন প্রসঙ্গে (সংশোধিত)।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, সংস্থার বোর্ড অব ট্রাস্টির ২৭ জুন, ২০১৪ তারিখের ৮৩তম সভায় প্রভিডেন্ট ফান্ড এর বর্তমান সুবিধাদি বিশেষ করে কর্মীদের ব্যক্তিগত এবং সংস্থার পক্ষ থেকে প্রদত্ত আর্থিক সুবিধায় কিছু পরিবর্তন আনা হয়েছে। ব্যবস্থাপনা আশা করছে, পি এফ বিষয়ক এসকল নীতিমালা পরিবর্তনের ফলে আমাদের ভবিষ্যৎ তহবিলের গতি বাড়বে এবং ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তার বিবেচনায় কর্মীদের মাঝে উৎসাহ এবং সর্বপোরি সংস্থার প্রতি তাদের নিবেদন ও কর্ম প্রতিশ্রুতি বৃদ্ধি পাবে। পরিবর্তিত নীতিমালাসমূহ আপনাদের অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে উপস্থাপন করা হলো:

১. পিএফ সুবিধা: এখন হতে সংস্থা কর্মীদেরকে তাদের মূল (বেসিক) বেতনের উপর প্রদত্ত ৫% এর স্থলে ১০% সুবিধা প্রদান করবে এবং কর্মী নিজেও ৫% এর স্থলে ১০% জমা করবে, অর্থাৎ মোট বেসিকের ২০% কর্মীর পিএফ হিসাবে জমা হবে।
২. পরিবর্তিত পিএফ নীতিমালায় বেতন প্রদানের ক্ষেত্রে এখন হতে যোগাযোগ খাতে (Communication) বর্তমান ৫% এর স্থলে ১০% সুবিধা প্রদান করা হবে।
৩. নতুন পরিবর্তিত পিএফ নীতিমালায় কর্মীদেরকে বেতন প্রদানের ক্ষেত্রে নিম্নের ছক অনুযায়ী বেতন প্রদান করতে হবে:

| Staff working area      | Basic  | House Rent   | Conveyance   | Entertainment | Communication | Take Home          | Org -PF      |
|-------------------------|--------|--------------|--------------|---------------|---------------|--------------------|--------------|
| City Corporation        | Actual | 50% of Basic | 20% of basic | 20% of basic  | 10% of basic  | As per calculation | 10% of basic |
| Out of City Corporation | Actual | 40% of Basic | 15% of basic | 15% of basic  | 10% of basic  | As per calculation | 10% of basic |

৪. পিএফ এর ক্ষেত্রে উপরোক্ত নীতিমালার পরিবর্তনের ফলে নিট বেতনের কোন পরিবর্তন হবে না এবং বেতন প্রদানের সুবিধার জন্য বেতন শীটের একটি নমুনা কপি সংযুক্ত করে দেওয়া হলো এবং তা অনুসরণের জন্য বলা হলো।
৫. পিএফ এর নতুন নীতিমালা কার্যকর হওয়ায় বিগত ০১ মে, ২০১২ তারিখ নির্বাহী পরিচালক কর্তৃক জারিকৃত সার্কুলারটি আর প্রযোজ্য হবে না।
৬. পিএফ কমিটির সদস্যগণ প্রতি দুই বছর পর পর পরিবর্তিত হবেন। তবে এ বিষয়ে নির্বাহী পরিচালক নতুন কমিটির সদস্যদেরকে প্রাথমিকভাবে নির্বাচন করবেন এবং তা কোস্টের বোর্ড সভায় অনুমোদন নিবেন। তবে পিএফ চেয়ারম্যান ছাড়া অন্য সকল সদস্যদেরকে পরিবর্তন করার ক্ষেত্রে বোর্ড অনুমোদনের বিষয়টি প্রযোজ্য হবে না। আপনাদের অবগতির জন্য বর্তমান পাঁচ সদস্য বিশিষ্ট পি এফ কমিটির সদস্যগণের নামের তালিকা নিম্নে দেওয়া হলো:

ক. সৈয়দ আমিনুল হক সভাপতি ঘ. মোসাঃ রাশেদা বেগম কোষাধক্ষ্য  
খ. মোঃ সাহাবুদ্দিন সহ-সভাপতি ঙ. মোঃ নুরে আলম সদস্য  
গ. মোঃ আনোয়ার হোসেন সচিব

৭. অত্র সার্কুলারটি ১ জুলাই, ২০১৪ হতে কার্যকরী হবে এবং ২০ আগস্ট ২০১৪ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে তার পর সকলের স্বাক্ষর হয়ে সংশ্লিষ্ট ফাইলে চলে যাবে। পরবর্তীতে এ সার্কুলারের সংশ্লিষ্ট ধারা মানব সম্পদ ও হিসাব রক্ষন নীতিমালার অন্তর্ভুক্ত হবে।
৮. এ সংক্রান্ত ১০ জুলাই'১৪ তারিখের সার্কুলারটি বাতিল করা হলো।

এখানে উল্লেখ্য যে, কর্মীদের ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তার কথা মাথায় রেখে ব্যবস্থাপনা কোস্ট কর্মীদের গ্র্যাচুইটি ফান্ডের নীতিমালায়ও সুবিধাজনক পরিবর্তনের চিন্তা করছে, যাহা পরবর্তী বোর্ড সভায় অনুমোদন হওয়ার সম্ভাবনা রয়েছে।

আমরা উপরোক্ত বিষয়ে সংস্থার সকল পর্যায়ে সহযোগীতা কমনা করছি।

ধন্যবাদসহ

রেজাউল করিম চৌধুরী

অনুলিপি: পরিচালক এবং অফিসকপি